১০৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 29 APR 199[illegible]

পৃঃ ... কলাম ...

# শিক্ষাখাতে আরও বিনিয়োগ করতে হবে ॥ এডিবি

এশিয়া উন্নয়ন ব্যাংক বলেছে, দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোকে শিক্ষাখাতে আরও বেশি বিনিয়োগের মাধ্যমে উচ্চ প্রযুক্তির শিল্প প্রতিষ্ঠার দিকে অগ্রসর হওয়ার জন্য প্রাথমিক সোপান তৈরি করতে হবে। খবর ম্যানিলা থেকে এএফপি'র।

শিক্ষার ওপর গুরুত্বারোপ করে ব্যাংক আরও বলেছে, বাংলাদেশ, চীন, ভারত এবং ভিয়েতনামের অধিকতর সস্তায় প্রাপ্ত শ্রমিকদের উৎপন্ন পণ্যসামগ্রী ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, ফিলিপিন্স এবং থাইল্যান্ডের শ্রমসাধ্য পণ্যের প্রতিযোগিতার যোগ্যতা নস্যাত করে দিচ্ছে। ব্যাংকের এক সাম্প্রতিক সমীক্ষায় এ কথা বলা হয়।

ম্যানিলা-ভিত্তিক এডিবি বলেছে, দক্ষিণ-পূর্ব এশিয়ার শিল্প-অগ্রসর দেশগুলোকে বিশেষভাবে বিশ্বায়নকৃত বাণিজ্য পরিবেশে প্রতিযোগিতা করতে হলে অবশ্যই নিম্নমূল্যের রফতানি থেকে সরে যেতে হবে। কিন্তু এটি করতে হলে শিক্ষা ও স্বাস্থ্য পরিচর্যা খাতে দীর্ঘমেয়াদী বিনিয়োগের প্রয়োজন।